

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৩৪৪

আগরতলা, ২৫ ডিসেম্বর, ২০২৩

**মরিয়মনগর ক্যাথলিক চার্চে মুখ্যমন্ত্রী
যীশু খ্রীস্টের শান্তির বাণী আজও প্রাসঙ্গিক**

মানবজাতিকে অন্ধকার থেকে আলোর দিকে নিয়ে যাওয়ার জন্য প্রভু যীশু পৃথিবীতে আবির্ভূত হয়েছিলেন। যীশু খ্রীস্টের শান্তির বাণী আজও প্রাসঙ্গিক। আজ মরিয়মনগর ক্যাথলিক চার্চ প্রাঙ্গণে বড়দিন উৎসবে অংশ নিয়ে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। মুখ্যমন্ত্রী বড়দিন উৎসব উপলক্ষে মরিয়মনগর চার্চে বড়দিনের কেক কাটেন। মুখ্যমন্ত্রী সহ অন্যান্য অতিথিগণ বড়দিনের কেক কেটে শুভেচ্ছা বিনিময় করেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক রতন চক্রবর্তী, পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বিশ্বজিৎ শীল, কর্পোরেটর উত্তম ঘোষ, চার্চের ফাদার লিনস প্রমুখ। মরিয়মনগর ক্যাথলিক চার্চে বড়দিন উৎসবে অংশ নিয়ে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা আরও বলেন, প্রভু যীশুর আবির্ভাবের দিনটি ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীরও জন্মদিন। এই দিনটি সারা দেশে সুশাসন দিবস হিসেবে পালন করা হয়। সুশাসনের উদ্দেশ্য মানুষের সঙ্গে প্রশাসনের সুসম্পর্ক গড়ে তোলা। শান্তি ছাড়া কোনও ধরনের উন্নয়ন সম্ভব নয়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি শান্তির পথেই দেশের অস্তিম ব্যক্তির কল্যাণে কাজ করছেন। তিনি আরও বলেন, মানুষের আত্মমর্যাদা ও আর্থসামাজিক মান উন্নয়ন করা গেলে সমৃদ্ধ সমাজ ও রাষ্ট্র গঠন সম্ভব। অনুষ্ঠানে বিধায়ক রতন চক্রবর্তী বলেন, আর্তের সেবায় সকলকে এগিয়ে আসতে হবে।
